গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

কোভিড-১৯ র‍্যাপিড এন্টিজেন পরীক্ষা বিষয়ক নির্দেশিকা

এন্টিজেন পরীক্ষার মাধ্যমে সংগৃহীত নমুনায় ভাইরাসের প্রোটিনের উপস্থিতি নির্ণয় করা যায় যা সক্রিয় সংক্রমণ নির্দেশ করে। এন্টিজেন পরীক্ষা সমূহের প্রধান সুবিধা হল ১৫-৩০ মিনিটের মধ্যে পরীক্ষার ফলাফল পাওয়া যায় এবং ল্যাবরেটরীতে বিশেষায়িত কোন ব্যবস্থার প্রয়োজন হয় না। ফলে এ পরীক্ষা গুলো চিকিৎসা কেন্দ্র এবং মাঠ পর্যায়েও করা সম্ভব। এর সুনির্দিষ্টতা প্রায় শতকরা শতভাগ হলেও সংবেদনশীলতা কম বিধায় কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির নমুনা পরীক্ষার ফলাফল কোভিড-১৯ এর সংক্রমণ থাকা সত্ত্বেও নেগেটিভ হতে পারে। তাই এন্টিজেন পরীক্ষার ফলাফল নেগেটিভ হলে নিশ্চিতকরণের জন্য নিউক্লিক এসিড ভিত্তিক (আরটি-পিসিআর/জিন এক্সপার্ট) পদ্ধতিতে দ্বিতীয়বার পরীক্ষার প্রয়োজনীয়তা রয়েছে। সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য সংস্থা র‍্যাপিড এন্টিজেন পরীক্ষার নীতিমালা প্রকাশ করেছে। এই নীতিমালা অনুযায়ী বাংলাদেশে র‍্যাপিড এন্টিজেন পরীক্ষা করার জন্য নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে ঃ-

- **এন্টিজেন পরীক্ষার জন্য নমুনা** -ন্যাজোফ্যারিঞ্জিয়াল সোয়াব
- **এন্টিজেন পরীক্ষা যাদের করা যাবে**
  - সন্দেহজনক কোভিড-১৯ রোগীঃ লক্ষণ প্রকাশের ১ থেকে ৭ দিনের মধ্যে পরীক্ষা করতে হবে

    কোভিড-১৯ এর লক্ষণ সমূহ
    - জ্বর (১০০ ডিগ্রি ফারেনহাইট বা ৩৮ ডিগ্রি সেলসিয়াসের বেশি)
    - কাশি
    - গলা ব্যথা
    - সর্দি
    - শ্বাসকষ্ট
    - নাকে গন্ধ না পাওয়া
    - স্বাদ না পাওয়া
    - শারীরিক দূর্বলতা
    - পাতলা পায়খানা; ইত্যাদি
  - সুনিশ্চিত কোভিড-১৯ রোগীর সাথে ১৪ দিনের মধ্যে সংস্পর্শে (কমপক্ষে টানা ১৫ মিনিট ১মিটার বা তার কম দূরত্বে অবস্থান করা)/ প্রত্যক্ষ সংস্পর্শে (করমর্দন, আলিঙ্গন ইত্যাদি) আসা ব্যক্তি
  - সুনিশ্চিত কোভিড-১৯ রোগীকে সরাসরি চিকিৎসা প্রদান করেছেন এমন স্বাস্থ্যকর্মী।
- **যে সব ক্ষেত্রে এন্টিজেন পরীক্ষা প্রযোজ্য নয়**
  - ইলেক্টিভ সার্জারির রোগী
  - রক্তদান পূর্ববর্তী পরীক্ষা হিসেবে

- পজেটিভ রেজাল্টের ক্ষেত্রে সনাক্তকৃত ব্যক্তি নিশ্চিত পজেটিভ হিসেবে গণ্য হবে; এ ক্ষেত্রে নিউক্লিক এসিড ভিত্তিক (আরটি-পিসিআর/জিন এক্সপার্ট) পরীক্ষার প্রয়োজন নেই।
- নেগেটিভ রেজাল্টের ক্ষেত্রে নিউক্লিক এসিড ভিত্তিক (আরটি-পিসিআর/জিন এক্সপার্ট) পরীক্ষার মাধ্যমে নিশ্চিত করতে হবে।
- শুধুমাত্র সরকার অনুমোদিত র‍্যাপিড অ্যান্টিজেন পরীক্ষার কিট ব্যবহার করতে হবে।
- র‍্যাপিড অ্যান্টিজেন টেষ্ট কিট ব্যবহারের ক্ষেত্রে প্রস্তুতকারীর কার্যপদ্ধতি সুনির্দিষ্ট ভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে এবং প্রয়োজনে রেফারেন্স ল্যাবরেটরীর সহায়তা নেয়া যেতে পারে।

➢ কোভিড-১৯ র‍্যাপিড অ্যান্টিজেন এবং আরটি-পিসিআর (RT-PCR) পরীক্ষার পর্যায়ক্রম



- পরীক্ষা পদ্ধতি (সংযুক্তি-১)

- সুরক্ষা

  - নমুনা সংগ্রহকারী স্বাস্থ্যকর্মীদের সংক্রমণ রোধ এবং নিয়ন্ত্রণের নির্দেশিকা মেনে চলতে হবে।

- বর্জ্য ব্যবস্থাপনা

ক্রমিক নং	ব্যবহৃত সামগ্রী	ব্যবস্থাপনার প্রক্রিয়া
১	সার্জিক্যাল মাস্ক	ব্যবহৃত মাস্কটি নির্ধারিত বর্জ্য ব্যাগে ফেলুন (হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী)
২	চোখের সুরক্ষা প্রদানকারী গগলস/ চশমা	০.০৫ % হাইপোক্লোরাইট দ্রবণ দিয়ে ১০ মিনিট ভিজিয়ে রেখে পুনরায় ব্যবহার করা যায়
৩	ফেস শিল্ড	ব্যবহৃত ফেস শিল্ড নির্ধারিত বর্জ্য ব্যাগে ফেলুন (হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী)।
৩	গাউন	যদি ধ্বংসযোগ্য হয়, তবে ব্যবহৃত গাউন স্বাস্থ্য কেন্দ্রের নির্ধারিত বর্জ্য ব্যাগে ফেলুন (হাসপাতাল বর্জ্য ব্যবস্থাপনা নীতিমালা অনুযায়ী)। পুনঃ ব্যবহার যোগ্য গাউন এর ক্ষেত্রে ব্যবহারের পর ডিটারজেন্টযুক্ত পানিতে ৩০ মিনিট ভিজিয়ে রেখে ভালোভাবে ধুয়ে পুনরায় ব্যবহার করা যায়।
৪	গ্লাভস	ব্যবহৃত গ্লাভস নির্ধারিত বর্জ্য ব্যাগে ফেলুন

এন্টিজেন পরীক্ষা সম্পন্ন হওয়ার পর র‍্যাপিড এন্টিজেন টেস্ট কিট, বাফার টিউব, সোয়াব স্টিক ইত্যাদি ব্যবহৃত উপকরণ সামগ্রী বায়োহ্যাজার্ড ব্যাগ বা কালার কোডেড বিনে ফেলে দিতে হবে। এরপর ডিটারজেন্টযুক্ত পানিতে ৩০ মিনিট (অথবা ০.০৫ % হাইপোক্লোরাইট দ্রবণে দিয়ে ১০ মিনিট) ভিজিয়ে রেখে সংক্রমণমুক্ত করতে হবে এবং অটোক্লোভিং এর জন্য পাঠাতে হবে। অটোক্লেভিং এর পর সকল দ্রব্য স্যানিটারী ল্যান্ডফিল এ পুঁতে ফেলতে হবে বা পুড়িয়ে ফেলতে হবে।

- **পরীক্ষার ফলাফলের প্রতিবেদন**

র‍্যাপিড এন্টিজেন পরীক্ষার ফলাফল পজিটিভ হলে তা অবিলম্বে রোগীকে (সংযুক্তি-৩) জানাতে হবে এবং DHIS2 তে এন্ট্রি করতে হবে। সকল এন্টিজেন পরীক্ষার ফলাফল পজিটিভ ও নেগেটিভ যা ই হোক না কেন, তা পরদিন সকাল ১০ টার আগে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ফরমেটে (সংযুক্তি-২) করোনা ল্যাব কল সেন্টার, স্বাস্থ্য অধিদপ্তর এর ই-মেইলে (coronalabcallrag@gmail.com) পাঠাতে হবে।

- এন্টিজেন পরীক্ষা সংক্রান্ত তথ্যের প্রয়োজনে সরাসরি করোনা ল্যাব কল সেন্টার, স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ (০১৩১৩৭৯১১৭৮) করা যেতে পারে।

সংযুক্তি-১

কোভিড-১৯ এন্টিজেন কিটের ব্যবহার ও পরীক্ষা পদ্ধতি

প্রস্তুতি

১. STANDARD Q COVID-19 Ag পরীক্ষার জন্য প্রথমে ভালোভাবে বক্সে প্রদত্ত নির্দেশনাবলী পড়ুন।

২. ফয়েল প্যাকের পেছনে মেয়াদ শেষ হওয়ার তারিখটি পরীক্ষা করুন। যদি মেয়াদ শেষ হয়ে যায়, সেই কিট ব্যবহার করা থেকে বিরত থাকুন।

৩. ফয়েল প্যাক খুলে পরীক্ষার ডিভাইস এবং ডেসিক্যান্ট/ সিলিকা প্যাকটি পরীক্ষা করুন।



<Foil pouch>



<Test device>

<Desiccant>

পরীক্ষার পদ্ধতি

১. STANDARD Q COVID-19 Ag কিটে প্রদত্ত ন্যাজোফ্যারিঞ্জিয়াল সোয়াব স্টিক রোগীর নাকে প্রবেশ করান এবং পোস্টেরিয়র ন্যাজোফেরিংক্স থেকে রোগীর নমুনা সংগ্রহ করুন।



২. সংগৃহীত নমুনা STANDARD Q COVID-19 Ag কিটে প্রদত্ত এক্সট্রাকশন বাফার টিউবে প্রবেশ করান এবং কমপক্ষে পাঁচবার ঘুরিয়ে ভালোভাবে মেশান।



৩. এক্সট্রাকশন বাফার টিউবটি চারদিক থেকে চেপে ধরে ন্যাজোফ্যারিঞ্জিয়াল সোয়াবটি বের করে আনুন।

৪. STANDARD Q COVID-19 Ag কিটে প্রদত্ত নজেল ক্যাপটি এক্সট্রাকশন বাফার টিউবে শক্ত ভাবে আটকান।



নমুনা সংরক্ষণ ও বিশ্লেষণ

১. নমুনা সংগ্রহের পরে যত তাড়াতাড়ি সম্ভব পরীক্ষা সম্পন্ন করতে হবে। সংগৃহীত নমুনা ঘরের তাপমাত্রায় (Room Temperature) সর্বোচ্চ ১ ঘন্টা সংরক্ষণ করা যাবে।

২. এক্সট্রাক্ট করা নমুনার ৩ ফোঁটা পরীক্ষার ডিভাইসের নমুনার ওয়েল (Specimen Well)-এ প্রয়োগ করুন।

৩. ১৫-৩০ মিনিটের মধ্যে পরীক্ষার ফলাফলটি দেখুন।



পরীক্ষার ফলাফলের ব্যাখ্যা



১. ফলাফলের উইন্ডোর উপরের অংশে C বর্ণ সোজাসুজি একটি রঙিন ব্যান্ড প্রদর্শিত হবে, যার দ্বারা বোঝা যাবে পরীক্ষাটি সফল ভাবে সম্পন্ন হয়েছে। এই ব্যান্ডটি নিয়ন্ত্রণ লাইন (C)।

২. যদি ফলাফল উইন্ডোর নীচের অংশে T বর্ণ সোজাসুজি একুট রঙিন ব্যান্ড প্রদর্শিত হয়, তবে ফলাফল পজিটিভ (+) বলে গণ্য হবে। এই ব্যান্ডটি SARS-COV-2 এন্টিজেন (T) এর পরীক্ষার লাইন।

৩. নিয়ন্ত্রণ লাইনটি বা পরীক্ষার লাইনটি ম্লান হলেও পরীক্ষাটি সঠিকভাবে সঞ্চালিত হিসাবে বিবেচনা করা হবে এবং পরীক্ষার ফলাফল পজিটিভ (+) হিসাবে ব্যাখ্যা করা যাবে।

৪. পরীক্ষার লাইন T যদি খালি চোখে দেখা যায় তা যতই হালকা হোক না কেন ফলাফল পজিটিভ হিসেবে গণ্য হবে।

সংযুক্তি-২

কোভিড-১৯ র‍্যাপিড এন্টিজেন পরীক্ষার ফলাফল স্বাস্থ্য অধিদপ্তরে পাঠানোর ফরম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

COVID-19 Rapid Antigen Test Result

Name of the Facility/Hospital:

Summary Report

Test Date		Total Number of Sample received (Last 24 hours)	
Total Test (Last 24 hour)		Total Positive Cases (Last 24 hour)	

Total Report:

SL No.	Lab ID	Name	Age	Sex	Contact Number	Address (Details with District)	Date of Sample Collection	Date of Test	Test Result	Advice for COVID-19 RT-PCR Test (Y/N)	Total No. of Test (Up to date)
1											
2											
3											
4											
5											
6											
......											

প্রতিদিনের কোভিড-১৯ র‍্যাপিড এন্টিজেন পরীক্ষার তথ্য সমূহ উপরোক্ত ফরমেটে **Excel File** করে পরের দিন সকাল ১০ টার মধ্যে নিম্নলিখিত মেইলে পাঠাতে হবে :

১. coronalabcallrag@gmail.com

২. ratlabreports@mis.dghs.gov.bd